

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ১৯, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ : ০৩ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ/১৮ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং ২৯৫-আইন/২০১৯।—বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সনের ৮ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৭ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত আইনের ধারা ২২ এর অধীন ঘোষিত পার্কে বিনিয়োগকারী প্রতিষ্ঠানকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন) এর ধারা ১০৩ এর অধীন ট্রেড লাইসেন্স প্রদান সংক্রান্ত বিধানের প্রয়োগ হইতে নিম্নবর্ণিত শর্তে অব্যাহতি প্রদান করিল, যথা :—

শর্তাবলী

- (ক) উক্ত পার্কে বিনিয়োগকারী প্রতিষ্ঠান বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষকে ট্রেড লাইসেন্সের জন্য প্রযোজ্য ফিস প্রদানপূর্বক উক্ত কর্তৃপক্ষের নিকট হইতে ট্রেড লাইসেন্স গ্রহণ করিবে; এবং
- (খ) বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ শর্ত (ক) এর অধীন আদায়কৃত ফিস সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের অনুকূলে জমা প্রদান করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

হেলালুদ্দীন আহমদ
সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২২৩৭৯)

মূল্য : ঢাকা ৮.০০